স্মারক নং- জারাবো/কর-৭/আঃআঃবিঃ/০৬/২০০১/ তারিখঃ ০৮/০১/২০০১ ইং।

প্রেরকঃ আমিনুর রহমান
প্রথম সচিব (আয়কর নীতি)
জাতীয় রাজস্ব বোর্ড।

প্রাপকঃ গভর্ণর
বাংলাদেশ ব্যাংক
বাংলাদেশ ব্যাংক ভবন
মতিঝিল বা/এ, ঢাকা।

বিষয়ঃ স্থানীয় কর্তৃপক্ষের ব্যাংক হিসাবের সুদের উপর উৎসে আয়কর কর্তন প্রসংগে ।

নির্দেশিত হয়ে উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এ বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইতোপূর্বে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 6th schedule part-A এর paragraph-3 এর বিধান অনুসারে সকল স্থানীয় কর্তৃপক্ষের আয় কর অব্যাহতি প্রাপ্ত ছিল। এ কারণে স্থানীয় কর্তৃপক্ষের ব্যাংক হিসাবের আমানতের সুদের উপর অধ্যাদেশের 53F ধারার বিধান অনুসারে ১০% হারে উৎসে উৎসেকর কর্তন করা হতো না।

০৩। অর্থ আইন, ২০০০ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশের 6th schedule part-A এর paragraph-3 সংশোধনের মাধ্যমে শুধুমাত্র স্থানীয় সরকার, অর্থাৎ সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, থানা পরিষদ ও ইউনিয়ন পরিষদের আয় ব্যতীত সকল স্থানীয় কর্তৃপক্ষের আয় করযোগ্য করা হয়েছে। সুতরাং ১লা জুলাই, ২০০০ সাল হতে সকল স্থানীয় কর্তৃপক্ষের ব্যাংক হিসাবের আমানতের সুদের উপর অধ্যাদেশের 53F ধারার বিধান অনুসারে ১০% হারে উৎসে আয়কর কর্তনযোগ্য। জাতীয় রাজস্ব বোর্ডের পরিপত্র নং-১/আয়কর/২০০০-২০০১ তারিখ ২৭/৭/২০০০ ইং এর অনুচ্ছেদ-৩৭ এ বিষয়টি ব্যাখ্যা করা হয়েছে।

০৪। জাতীয় রাজস্ব বোর্ড অবহিত হয়েছে যে, ১লা জুলাই, ২০০০ হতে সকল স্থানীয় কর্তৃপক্ষের আয় করযোগ্য হওয়া সত্ত্বেও স্থানীয় কর্তৃপক্ষের ব্যাংক হিসাবের আমানতের সুদের উপর ১০% হারে উৎসে আয়কর কর্তন করা হচ্ছে না। এমতাবস্থায় সকল স্থানীয় কর্তৃপক্ষের ব্যাংক হিসাবের আমানতের সুদের উপর আয়কর অধ্যাদেশের 53F ধারার বিধান অনুসারে ১০% হারে উৎসে আয়কর কর্তন করার জন্য সকল তফসিলী ব্যাংক-কে প্রয়োজনীয় নির্দেশ প্রদান করার জন্য আপনাকে আদিষ্ট হয়ে বিনীতভাবে অনুরোধ করা যাচ্ছে। করযোগ্য কয়েকটি স্থানীয় কর্তৃপক্ষের একটি তালিকা এতদ্‌সংগে সংযোজন করা হলো (এ তালিকাটি সম্পূর্ণ নয়)।

(আমিনুর রহমান)
প্রথম সচিব (আয়কর নীতি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

তারিখঃ ০৮/০১/২০০১ ইং।

PHOTO COPY ATTESTED
For: Al-Baraka Bank Bangladesh Ltd.
Authorised Signature
Jubilee Road, Chittagong